



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫
e-mail: dcc1989@dcc.edu.bd Web: www.dcc.edu.bd


স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৬/০১/২০২০

অফিস বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের নিকট থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী 'মুজিব বর্ষ' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে বঙ্গবন্ধু, মুজিবুদ্ব, বাংলাদেশ, জাতীয় বিশ্ববিদ্যালয়, বর্তমান সরকারের উন্নয়ন অগ্রযাত্রা ও এতদসংশ্লিষ্ট বিষয়াদির উপরে অনধিক ৫(পাঁচ) মিনিটের 'থিম-সং' রচনা ও সুরারোপ করার জন্য প্রস্তাবনা আহবান করা হয়েছে। আগ্রহী শিক্ষক-শিক্ষার্থীদেরকে আগামী ১০/০২/২০২০ তারিখের মধ্যে উক্ত 'থিম-সং' রচনা ও সুরারোপ করে MP3 অডিও ফরম্যাটে প্রণেতার ছবিসহ পরিচিতি অপর একটি ডকুমেন্ট ফাইলে themesongmujibborsho2021.nu@gmail.com ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো।

উল্লেখ্য, নির্বাচিত 'থিম-সং' প্রণেতাকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মানী প্রদান করা হবে। এ বিষয়ে বিস্তারিত নোটিশ বোর্ড থেকে জানা যাবে।


16-01-2020
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা কমার্স কলেজ



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

সূত্র নং-০১(১৬২)জাতী:বি:/প্রশা:/৯২/১/১৮৫৩

তারিখ : ১৫ জানুয়ারি, ২০২০

অফিস আদেশ

অধ্যক্ষ

অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান
জাতীয় বিশ্ববিদ্যালয়।

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে থিম-সং আহ্বান।


এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী 'মুজিব বর্ষ' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাধিক কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এরমধ্যে অন্যতম হলো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ১৭ই মার্চ ২০২০ তারিখে অভিন্ন ব্যানারে সারাদেশব্যাপী অধিভুক্ত কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানে 'আনন্দ র্যালি' এবং 'মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ ২০২০-২১'।

মুজিববর্ষের উপর্যুক্ত কর্মসূচিসমূহে ব্যবহারের জন্য অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষার্থীর নিকট থেকে 'থিম-সং' রচনা ও সুরারোপ করার জন্য প্রস্তাবনা আহ্বান করা হচ্ছে। উক্ত 'থিম-সং' এর বিষয়বস্তু নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে :

বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, বাংলাদেশ, জাতীয় বিশ্ববিদ্যালয়, বর্তমান সরকারের উন্নয়ন অগ্রযাত্রা ও এতদসংশ্লিষ্ট বিষয়াদি।

অত্রহী শিক্ষক/শিক্ষার্থীকে নিম্নবর্ণিত ই-মেইলে অনধিক ৫ (পাঁচ) মিনিটের 'থিম-সং' রচনা ও সুরারোপ করে MP3 অডিও ফরম্যাটে প্রণেতার ছবিসহ পরিচিতি অপর একটি ডকুমেন্ট ফাইলে আগামী ১০ই ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, নির্বাচিত 'থিম-সং' প্রণেতাকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মানী প্রদান করা হবে। 'থিম-সং' নির্বাচনের বিষয়টি সম্পূর্ণভাবে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত এবং তা বিশ্ববিদ্যালয়ের স্বত্ব হিসেবে বিবেচিত হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে-


15.01.2020

(মোল্লা মাহফুজ আল-হোসেন)

বেসিস্টার (আবপাঙ্গ)